



PROSHIKA

A CENTRE FOR HUMAN DEVELOPMENT

তারিখঃ সেপ্টেম্বর ০৯, ২০২৬

অভ্যন্তরীণ বিজ্ঞপ্তি

আমাদের বিদ্যমান শাখাতে ঋণী সদস্যদের মধ্যে বিভিন্ন প্রজেক্ট বা ঋণ খাতের মাধ্যমে যেমন-জাগরণ, অগ্রসর, ওয়াশ স্যানিটেশন, ওয়াশ ওয়াটার ঋণ বিতরণ করছি এবং পাশাপাশি ঋণ আদায় করছি। যা পোর্টফলিও বা সদস্য পর্যায়ে ঋণ স্থিতি/(Loan to Member) নামে পরিচিত এবং যা আমাদের ব্যালেন্স সীটের সম্পদ পার্শে প্রদর্শিত হচ্ছে ধারাবাহিকভাবে। আমাদের এই ঋণস্থিতি/পোর্টফলিও বৃদ্ধির অর্থের প্রধান উৎস হলো আমাদের গ্রাহকদের ব্যালেন্স সীটের সম্পদ পার্শে প্রদর্শিত হচ্ছে ধারাবাহিকভাবে। আমাদের এই ঋণস্থিতি/পোর্টফলিও বৃদ্ধির অর্থের প্রধান উৎস হলো আমাদের গ্রাহকদের ব্যালেন্স সীটের সম্পদ পার্শে প্রদর্শিত হচ্ছে ধারাবাহিকভাবে। আমাদের এই ঋণস্থিতি/পোর্টফলিও বৃদ্ধির অর্থের প্রধান উৎস হলো আমাদের গ্রাহকদের ব্যালেন্স সীটের সম্পদ পার্শে প্রদর্শিত হচ্ছে ধারাবাহিকভাবে।

এই আন্তঃলেনদেন বা স্বাবলম্বী ঋণ গ্রহণ বা প্রদানের ব্যালেন্স পৃথক পৃথক ভাবে শাখার ব্যালেন্স সীটে প্রদর্শিত হয়ে থাকে। যে সকল শাখা ঋণ প্রদান করবে তা Self Reliant Loan Provider (দাতা) ইহা ব্যালেন্স সীটের সম্পত্তি পার্শে হিসাব কোড ১০৩১০২১ এবং হিসাবের খাত Loan Outstandings (Provider) খাতে হিসাবভুক্ত ও প্রদর্শিত হবে। এই প্রদর্শিত ব্যালেন্স এবং Project Wise Self-Reliant Loan Provider রিপোর্ট একই হতে হবে। পাশাপাশি যে সকল শাখা ঋণ গ্রহণ করবে তা Self Reliant Loan Receiver (গ্রহীতা) ইহা ব্যালেন্স সীটের দায় পার্শে হিসাব কোড ২০১৫০০৫ এবং হিসাবের খাত Loan Outstandings (Receiver) খাতে হিসাবভুক্ত ও প্রদর্শিত হবে। এই প্রদর্শিত ব্যালেন্স এবং Project Wise Self-Reliant Loan Receiver Report একই হতে হবে। এই ব্যালেন্স সীটের সম্পদ ও দায় পার্শের ব্যালেন্স ও রিপোর্টের প্রদর্শিত ব্যালেন্সের মধ্যে কোন ধরনের পার্থক্য হবে না যা প্রতিনিয়ত খেয়াল রাখতে হবে।

এই আন্তঃলেনদেন বা স্বাবলম্বী ঋণ গ্রহণ বা প্রদানের ফলে আয়-ব্যয় সমূহ প্রত্যেক শাখার আয়-ব্যয় বিবরণীতে পৃথকভাবে প্রদর্শিত হবে। যে সকল শাখা ঋণ প্রদান করবে তা Self Reliant Loan Provider (দাতা) এর জন্য উক্ত শাখার আয় হবে যা আয় পার্শে হিসাব কোড ০৩-০৬১-০০৭ এবং হিসাবের খাত Service Charge Received form ADC/Branch (Self-Reliant) খাতে আয় হিসাবে হিসাবভুক্ত ও প্রদর্শিত হবে। এবং যে সকল শাখা ঋণ গ্রহণ করবে তা Self Reliant Loan Receiver (গ্রহীতা) এর জন্য উক্ত শাখার ব্যয় হবে যা ব্যয় পার্শে হিসাব কোড ০৪-০১৫-০০৫ এবং হিসাবের খাত Service Charge Paid to ADC/Branch (Self-Reliant) খাতে ব্যয় হিসাবে হিসাবভুক্ত ও প্রদর্শিত হবে।

এই স্বাবলম্বী ঋণ শাখা টু শাখার জন্য একটি অন্যতম আন্তঃলেনদেন। যার ফলে আমরা খুব সহজেই এক শাখা হতে অন্য শাখাতে সঞ্চয় ও ঋণচুক্তির মাধ্যমে আদায়কৃত অর্থ অলসভাবে ফেলে না রাখে শাখার প্রয়োজন্যে ট্রান্সফার করতে পারবো। আর এই ট্রান্সফার আমাদের বর্তমান হিসাব ব্যবস্থাতে ও সফটওয়্যারে খুবই স্পষ্টভাবে চিহ্নিতকরণ, প্রদর্শন, ক্রস চেকিং এবং সকলকে স্বচ্ছ ও জবাবদিহিতার আলোকে বুঝাইতে সক্ষম হবে।

যেহেতু শাখা টু শাখা আন্তঃলেনদেনের জন্য আমরা স্বাবলম্বী ঋণ পুনরায় চালু করছি এই কারণে জুলাই ০১, ২০২৬ হতে শাখা টু শাখা আন্তঃ লেনদেন করার জন্য পৃথক তিনটি হিসাবের খাত করা হয় যা সেপ্টেম্বর ০৯, ২০২৬ তারিখ হতে বন্ধ বা রহিত করা হলো। কারণ শাখা টু শাখা আন্তঃলেনদেনের জন্য পিকেএসএফ এর দিক নির্দেশনা ও আমাদের হিসাবের সহজবোধ্যতা রাখার জন্য একাধিক পদ্ধতি চালু রাখা যাবে না। যেকোন একটি পদ্ধতির মাধ্যমে শাখা টু শাখা আন্তঃলেনদেন করা যাবে। যে তিনটি হিসাবের খাত বন্ধ করা হলো তা হলো নিম্নরূপ:

- ০২-০৬০-০০১ Branch Current Account Principal MCSS
- ০২-০৬০-০০২ Branch Current Account Principal Jagoron
- ০২-০৬০-০০৩ Branch Current Account Principal AGROSOR

উপরিস্ত এই তিনটি খাতের মাধ্যমে ১লা জুলাই ২০২৬ হতে ০৮ ই সেপ্টেম্বর ২০২৬ তারিখ পর্যন্ত বিগত দুই (০২ মাস ০৮ দিন) মাসে শাখা টু শাখা সকল আন্তঃলেনদেন করা হয়েছিল। আমাদের এই আন্তঃলেনদেনের তথ্যসমূহ তারিখ ভিত্তিক প্রত্যেক শাখার লেজারে তিনটি হিসাব খাতে স্পষ্টভাবে উল্লেখ করা আছে। আপনারা কোন শাখা হতে ফান্ড গ্রহণ ও প্রদান করলেন শাখার নামসহ লেজারে উল্লেখ আছে। যে সকল শাখা ফান্ড গ্রহণ করেছেন তাদের লেজারে ক্রেডিট পার্শে প্রদর্শিত আছে আর যে সকল শাখা ফান্ড প্রদান করেছেন তাদের লেজারে উপরিস্ত তিনটি খাতে ডেবিট পার্শে প্রদর্শিত আছে। আপনারা অন্যতম গুরুত্বপূর্ণ কাজ হলো উপরিস্ত এই তিনটি লেজারের প্রিন্ট নেয়া। প্রিন্ট নেয়ার পর তারিখ ভিত্তিক প্রতিটি গ্রহণ ও প্রদানের লেনদেনের তথ্য আমাদের স্বাবলম্বী ঋণে নিবন্ধন করতে হবে। যে সকল শাখা ফান্ড প্রদান করেছেন তা স্বাবলম্বী ঋণের নিবন্ধনের আওতায় Self Reliant Loan Provider (দাতা) এখানে অন্তর্ভুক্ত করতে হবে। আবার যে সকল শাখা ফান্ড গ্রহণ করেছেন তা স্বাবলম্বী ঋণের নিবন্ধনের আওতায় Self Reliant Loan Receiver (গ্রহীতা) এখানে অন্তর্ভুক্ত করতে হবে। এই তিনটি লেজারের তথ্যসমূহ পৃথকভাবে স্বাবলম্বী ঋণের আওতায় শুধুমাত্র নিবন্ধন করতে হবে কিন্তু কোন ধরনের অটো ভাউচার করা যাবে না। এই পুনরায় নিবন্ধন করার পর শাখা হতে অটো ভাউচার চালালে তাদের সকলের হিসাব গড়মিল হয়ে যাবে সেই কারণে এই আন্তঃলেনদেনের তথ্য নিবন্ধন করার পর আপনারা কেউ অটো ভাউচার করবেন না।

উপরিস্ত এই তিনটি হিসাবের খাতে দিয়ে বিগত দুই মাসে যে সকল আন্তঃলেনদেন হয়েছিল তা এখন স্বাবলম্বী ঋণের আওতায় চলে আসবে। আর এর জন্য যে সকল ভাউচার করার প্রয়োজন তা হেড অফিস হতে হিসাব ও আইটি বিভাগ যৌথ সমন্বয় করে কাজটি সম্পন্ন করবে। আপনারা শাখা পর্যায়ের অন্যতম কাজ হলো বিগত সময়ের লেনদেনের তথ্যগুলি শুধুমাত্র স্বাবলম্বী ঋণের আওতায় নিবন্ধন করা কোন ভাউচার না করা। আপনারা মনে রাখতে হবে যে আপনারা কোন ভাউচার করলেই আপনারা হাতে নগদ ও ব্যাংক ব্যালেন্স গড়মিল হয়ে যাবে। হেড অফিস হতে হিসাব ও আইটি বিভাগ যৌথ সমন্বয় করে উপরিস্ত তিনটি হিসাব খাতের লেজারে যে ব্যালেন্স রয়েছে শূন্য ও হিসাব হালনাগাদ করার ব্যবস্থা গ্রহণ করবে।

প্রত্যেক শাখার জন্য আরও গুরুত্বপূর্ণ এই যে, আপনারা বিভিন্ন সময়ে স্বাবলম্বী খাতে শাখা টু শাখা আন্তঃলেনদেন করেছেন। কিন্তু গ্রহীতা ও দাতা এই ব্যালেন্স সব সময় মিল থাকতে হবে। দেখা যায় যে, অনেক শাখার দাতাতে তথ্য আছে কিন্তু গ্রহীতা শাখায় কোন তথ্য নাই। আবার গ্রহীতা শাখার তথ্য আছে দাতা শাখার তথ্য মিল নাই। এই সকল তথ্যসমূহ মিল করার জন্য আইটি বিভাগের সহযোগীতায় সফটওয়্যার ব্যবস্থাতে স্বাবলম্বী ঋণ নিবন্ধনের হালনাগাদ করণের সুযোগ প্রদান করা হয়েছে। এই হালনাগাদ করার লক্ষ্যে স্বাবলম্বী ঋণের জন্য PFMS সফটওয়্যারে Data Entry এর আওতায় পুনরায় (যে সকল নিবন্ধন পূর্বে বাদ পড়েছে শুধুমাত্র সেগুলি নিবন্ধন করতে হবে) সংশোধিত নিবন্ধন প্রক্রিয়া চালু হয়েছে। যে সকল শাখা ঋণ প্রদান করবে তা Self Reliant Loan Provider (দাতা) এবং যে সকল শাখা ঋণ গ্রহণ করবে তা Self Reliant Loan Receiver (গ্রহীতা) এই দুটি খাতে পুনরায় (যে সকল নিবন্ধন পূর্বে বাদ পড়েছে শুধুমাত্র সেগুলি নিবন্ধন করতে হবে) নিবন্ধন করে হিসাব ব্যবস্থাকে হালনাগাদ করার জন্য সুযোগ প্রদান করা হলো। এই সংশোধিত নিবন্ধনের সময়সীমা সেপ্টেম্বর ৩০, ২০২৬ তারিখ পর্যন্ত। উক্ত তারিখের পর আর কোন শাখা পুনরায় নিবন্ধনের সুযোগ পাবে না এমনকি আইটি টিমের সাপোর্ট বিভাগের মাধ্যমেও আবেদনের মাধ্যমেও আর নিবন্ধন করা যাবে না। অতএব এই সংশোধিত সময়ের মধ্যে শাখার সকল অনিবন্ধিত স্বাবলম্বী ঋণের তথ্যগুলি শাখাভিত্তিক হালনাগাদ করতে হবে। মনে রাখতে হবে যে, এখানে শুধুমাত্র নিবন্ধন করতে হবে কোন অবস্থাতেই কোন ধরনের অটো বা ম্যানুয়াল ভাউচার করা যাবে না।

আমরা আমাদের গ্রাহকের নিকট হতে অত্যন্ত কষ্টার্জিত আদায়কৃত সঞ্চয় ও ঋণচুক্তির মাধ্যমে গ্রহণকৃত অর্থের সর্বোচ্চ ব্যবহার করবো এবং প্রতিষ্ঠানটিকে আমরা সকলেই মিলে নিজেদের অর্জনকৃত তহবিলের মাধ্যমে সংস্থার পোর্টফলিও দিনে দিনে আরও বৃদ্ধি এবং সমৃদ্ধশালী করবো। পাশাপাশি আমাদের হিসাব ও আইটি ব্যবস্থাকে আরও সচ্ছ ও গতিশীল করে তুলবো।

সকলের সহযোগীতা আমাদের একান্ত কাম্য।

ধন্যবাদান্তে-



(মোঃ মিজানুর রহমান খান)

প্রধান নির্বাহী (ভারপ্রাপ্ত)

প্রশিকা মানবিক উন্নয়ন কেন্দ্র।